


‘প্রশ্নফাঁসের গুজব ছড়ালে কঠোর ব্যবস্থা’

অনলাইন ডেক্স

১৭ আগস্ট ২০২৩ ১১:৩১ এএম | আপডেট: ১৭ আগস্ট ২০২৩ ১১:৩১ এএম



প্রতীকী ছবি

advertisement..

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ‘প্রশ্নফাঁস রোধে আমরা সর্বোচ্চ সতর্ক থেকেছি। এ জন্য ২০১৫ সালের পর কোনো প্রশ্নফাঁসের ঘটনা ঘটেনি। আশা করি এবারের এইচএসসি পরীক্ষাতেও অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটবে না। যদি কেউ গুজব ছড়ানোর চেষ্টা করে আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ কঠোর অবস্থানে থেকে ব্যবস্থা নেবে।’

আজ বৃহস্পতিবার সকালে এইচএসসি পরীক্ষা শুরুর প্রথম দিনে রাজধানীর তেজগাঁও কলেজকেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা জানান।

advertisement

ডা. দীপু মনি বলেন, দেশে ডেঙ্গু মহামারী বাড়লেও ডেঙ্গু আক্রান্ত পরীক্ষার্থীদের জন্য পরীক্ষাকেন্দ্রে বিশেষ ব্যবস্থা রয়েছে। সব পরীক্ষাকেন্দ্রেই ডেঙ্গু আক্রান্ত পরীক্ষার্থীর জন্য চিকিৎসাসহ বিশেষ ব্যবস্থা রয়েছে।

আরও পড়ুন: ৩ বোর্ডের পরীক্ষা দেরিতে হলেও ফল একসঙ্গে: শিক্ষামন্ত্রী

তিনি বলেন, ‘প্রাকৃতিক দুর্যোগের কারণে তিন বোর্ডে দেরিতে পরীক্ষা শুরু হয়েছে ঠিকই। কিন্তু আমরা চেষ্টা করব ৬০ দিনের মধ্যে একসঙ্গে রেজাল্ট প্রকাশ করতে।’

শিক্ষামন্ত্রী বলেন, দেশের কোনো পাবলিক পরীক্ষায় গত পাঁচ বছরে কোনো প্রশ্নফাঁস হয়নি, যা ছড়িয়েছে সেগুলো সবই সামাজিক যোগাযোগমাধ্যমে। এগুলোর সবই গুজব।

২০২৪ সালের এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারিতে এবং এইচএসসি এপ্রিলে অনুষ্ঠিত হবে জানিয়েছেন ডা. দীপু মনি বলেন, ‘করোনাভাইরাস মহামারি ও প্রাকৃতিক দুর্যোগের কারণে গত দুই-তিন বছর আমাদের একাডেমিক ক্যালেন্ডার একটু এলোমেলো হয়েছে। আগামী বছর থেকে এটা ঠিক হয়ে যাবে আশা করি।’

আরও পড়ুন: ২০২৪ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা কবে, জানালেন শিক্ষামন্ত্রী

আজ বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে দেশের ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষা। প্রথম দিনে বাংলা প্রথমপত্রের পরীক্ষা চলছে। এ পরীক্ষা শেষ হবে দুপুর ১টায়। ৮টি বোর্ডের ১ হাজার ৩৮৪টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নিয়েছেন ১০ লা